দ্বিতীয় অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.tmed.gov.bd.

নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৪.১৬-৪৮২ তারিখঃ ০৯ পৌষ, ১৪২৭ ব: / ২৪ ডিসেম্বর, ২০২০খ্রি.

বিষয়টিঃ রিট পিটিশন নং-৮৪৫৪/২০১৫ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৪/০৭/২০১৯ তারিখে প্রদত্ত রায়/আদেশের প্রেক্ষিতে তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (১)শিক্ষা মন্ত্রণালয়েল স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪, তারিখ: ০৬/০৫/২০১০ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়েল স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯, তারিখ: ৩১/০৫/২০১০ খ্রি.
(৩) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৪.১৬-৩৯৩, তারিখ: ২৪/১১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ০৬/৫/২০১০ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে রাজবাড়ী জেলার সদর উপজেলাধীন মাদানী কমপ্লেক্স মহিলা দাখিল মাদ্রাসাটি নতুন এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়। যার ক্রমিক নম্বর ছিল-১৪০।

২। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষা মন্ত্রণালয়ের ৩১/০৫/২০১০ তারিখের সূত্রোক্ত (২) নং স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিও তালিকা থেকে বাদ দেয়া হয়। যদিও পিটিশনার কর্তৃক তাঁর প্রতিষ্ঠানটি ৩১/৫/২০১০ খ্রি. তারিখের স্মারকে এমপিওভুক্ত এবং ১৬/০৬/২০১০ তারিখের স্মারকে এমপিও তালিকা হতে বাতিল করা হয় মর্মে আবেদনে উল্লেখ করা হয়েছে।

৩। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের সুপার. জনাব মোহাম্মদ আনাস খান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮৪৫৪/২০১৫ মামলা দায়ের করা হয়। উক্ত রিট মামলায় সচিব শিক্ষা মন্ত্রণালয় এবং ডিজি, মাউশিঅ মোট ০২ (দুই) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

৪। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় বিগত ০৪/০৭/২০১৯ তারিখে প্রদত্ত রায়/আদেশ এর শেষাংশে নিম্নরূপ -

"The respondents are hereby directed to enlist the name of the respective Madrasha in the MPO list within a period of 90 (ninety) days from the date of receipt of this judgment and order provided that the Madrasha fulfills the requirements as provided in "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 04.02.2010".

৫। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক ২৪/৯/২০২০ তারিখ পর্যন্ত কোন সিভিল পিটিশন ফর লীভ টু আপীল মামলা দায়ের হয়নি মর্মে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের তত্ত্বাবধায়ক কর্তৃক প্রদত্ত স্লিপ পিটিশনার কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে।

৬। বিগত ০৪/০৭/২০১৯ তারিখে সরকারের বিরুদ্ধে ঘোষিত উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ হতে কোন আপীল দায়ের/রুজু না করায় পিটিশনার কর্তৃক তাঁর প্রতিষ্ঠান (মাদানী কমপ্লেক্স মহিলা দাখিল মাদ্রাসা)টি এমপিওভুক্ত করার জন্য সচিব, টিএমইডি বরাবর আবেদন দাখিল করা হয়েছে।

৭। উল্লেখ্য- উক্ত রিট্ মামলায় বিগত ০৪/০৭/১৯ তারিখের রায়/আদেশ সরকারের বিপক্ষে ঘোষিত হয়েছে। উক্ত সময়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক পৃথকভাবে মামলা সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালিত হয়েছে। তাছাড়া মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর পৃথক হওয়ায় অবিভক্তকালীন ডিজি, মাউশি অধিদপ্তর এর বিরুদ্ধে দায়েরকৃত মাদ্রাসা সংক্রান্ত মামলায় সরকার পক্ষভুক্ত হয়ে ডিজি, ডিএমই কর্তৃক প্রতিদ্বন্দ্বিতা করার আবশ্যকতা ছিল। তথাপি আলোচ্য মামলায় সরকারের বিপক্ষে ঘোষিত রায়ের বিরুদ্ধে আপীল দায়ের না করার কারণ স্পষ্ট নয়।

৮। এক্ষণে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক-
(ক) রিট পিটিশন নং-৮৪৫৪/২০১৫ মামলার ০৪/০৭/১৯ তারিখের রায়/আদেশ এর বিরুদ্ধে আপীল দায়ের করা হয়েছে কিনা?
(খ) আপীল দায়ের করা হয়ে থাকলে এর নম্বর উল্লেখসহ হালানাগাদ তথ্য টিএমইডি-তে প্রেরণ করা;
(গ) উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়ের না হয়ে থাকলে আপীল দায়ের না করার যুক্তিসংগত কোন কারণ আছে কিনা? যুক্তিসংগত কারণ না থাকলে অনতিবিলম্বে আপীল দায়েরক্রমে প্রমাণকসহ এ বিভাগকে অবহিত করা;
(ঘ) রিট মামলার উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক ২৪/৯/২০২০ তারিখ পর্যন্ত কোন আপীল মামলা দায়ের হয়নি মর্মে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের তত্ত্বাবধায়ক কর্তৃক ৩০/৯/২০২০ খ্রি. তারিখে প্রদত্ত স্লিপ পিটিশনার কর্তৃক দাখিল করা হয়েছে। উক্ত স্লিপ এর সত্যতা থাকলে বর্তমানে করণীয় সম্পর্কে সুস্পস্ট মতামত প্রদান প্রয়োজন;

৯। এমতাবস্থায়, উল্লিখিতমতে চাহিত তথ্যাদি (প্রমাণকসহ) গত ১০/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করার জন্য সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে অনুরোধ করা হয়েছিল। নির্ধারিত তারিখের পরে ১৪ (চৌদ্দ) দিন অতিক্রান্ত হলেও উক্ত তথ্যাদি পাওয়া যায়নি বিধায় চাহিত তথ্যাদি আগামী ৩০/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়-কে **দ্বিতীয় বার** অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) ২৪/১২/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাষ্টার কপি।